দৈনিক ইত্তেফাক

তারিখ 02 MAR 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

02

# দাখিল পরীক্ষায় ৯ জন বহিষ্কৃত ॥ ম্যাজিস্ট্রেট আহত ॥ গ্রেফতার ২

ফেনী সংবাদদাতার ফোন : মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষার প্রথম দিনে গতকাল (বৃহস্পতিবার) ফেনী আলিয়া মাদ্রাসা

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## দাখিল পরীক্ষা

( ১ম পৃঃ পর )

কেন্দ্রে নকল প্রতিরোধকালে ফেনী উপজেলা ম্যাজিস্ট্রেট আহত হন। তিনি কয়েকজন পুলিশসহ ফটোষ্ট্যাটকৃত নকল আটক করার সময় নকল সরবরাহকারীরা তাহার উপর হামলা চালায়। তাহাকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠান হইয়াছে। এ ব্যাপারে পুলিশ দুইজন ছাত্রকে গ্রেফতার করিয়াছে।

মীর্জাগঞ্জ সংবাদদাতা জানান, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল মীর্জাগঞ্জ দাখিল পরীক্ষা কেন্দ্র হইতে ১ জন পরীক্ষার্থী ও ১ জন পরিদর্শককে বহিষ্কার করা হইয়াছে।

সাভার সংবাদদাতা জানান, একই অভিযোগে গতকাল ধামরাই-এর আলিয়া মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র হইতে ১ জন মহিলাসহ ৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

### দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের নির্দেশ

গতকাল এক তথ্য বিবরণীতে বলা হয়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে দাখিল পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি নির্দেশ দিয়াছেন। মন্ত্রী গতকাল ঢাকা আলিয়া মাদ্রাসায় দাখিল পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে এই নির্দেশ প্রদান করেন। তিনি বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে সাধারণ শিক্ষার সমমর্যাদা দান করিয়াছে এবং এই শিক্ষাকে যুগোপযোগী ও কর্মমুখী করিয়া পুনর্বিন্যাসের পদক্ষেপ গ্রহণ করিয়াছে।